

## 🔳 वान-पूर्तिन्न | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩ : ১১৩

## **া** আরবি মূল আয়াত:

## قَالُوا لَبِتْنَا يَومًا أَو بَعضَ يَومٍ فَسلِّلِ العَآدِّينَ ﴿١١٣﴾

## 

তারা বলবে, 'আমরা একদিন বা দিনের কিছু অংশ অবস্থান করেছি; সুতরাং আপনি গণনাকারীদেরকে জিজ্ঞাসা করুন।' — আল-বায়ান

তারা বলবে : 'আমরা একদিন বা এক দিনের কিছু অংশ অবস্থান করেছি। অতএব তুমি গণনাকারীদের জিজ্ঞেস কর।' — তাইসিরুল

তারা বলবেঃ আমরা অবস্থান করেছিলাম একদিন অথবা একদিনের কিছু অংশ, আপনি না হয় গণনাকারীদেরকে জিঞ্জেস করুন। — মুজিবুর রহমান


They will say, "We remained a day or part of a day; ask those who enumerate." — Sahih International

১১৩. তারা বলবে, আমরা অবস্থান করেছিলাম একদিন বা দিনের কিছু অংশ; সুতরাং আপনি গণনাকারীদেরকে জিঞ্জেস করুন।

তাফসীরে জাকারিয়া

- (১১৩) তারা বলবে, 'আমরা অবস্থান করেছিলাম এক দিন অথবা একদিনের কিছু অংশ, তুমি না হয় গণনাকারীদেরকে জিজ্ঞেস করে দেখ।' [1]
  - [1] 'গণনাকারী'র অর্থঃ ফিরিশতাগণ, যাঁরা মানুষের কর্ম ও আয়ু লেখার কাজে নিযুক্ত আছেন। অথবা উদ্দেশ্য সেই সকল মানুষও হতে পারে, যাদের হিসাব-নিকাশে দক্ষতা আছে। কিয়ামতের ভয়াবহতা তাদের মস্তিষ্ক হতে পৃথিবীতে বসবাস ও অবস্থানের কথা বিস্মৃত করে ফেলবে এবং পার্থিব জীবন এমন মনে হবে যেমন একদিন বা অর্ধেক দিন। সেই জন্য তারা বলবে, আমরা পৃথিবীতে একদিন বা তা হতে অল্প কিছু সময় ছিলাম। তুমি অবশ্যই ফিরিশতাদেরকে কিম্বা হিসাবকারীদেরকে জিজ্ঞাসা করে নাও।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2786

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন